

যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:৪২ এএম

ফলাফল

ঢাকা কলেজে জিপিএ-৫ পেলেন ৮৫৭ জন, পাশের হার কত?



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০৪:৩৭ পিএম



ঢাকা কলেজ গেইট। ফাইল ছবি

এবারের এইচএসসি ও সমমান পরীক্ষায় চমকপ্রদ ফল অর্জন করেছে রাজধানীর ঐতিহ্যবাহী ঢাকা কলেজ। প্রতিষ্ঠানটি মোট এক হাজার ১৪২ জন পরীক্ষার্থীর মধ্যে এক হাজার ১২৭ জন পাশ করেছেন। এতে করে পাশের হার দাঁড়িয়েছে ৯৮ দশমিক ৭৭ শতাংশ। তিন বিভাগ মিলিয়ে ৮৫৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছে, যার মধ্যে সবচেয়ে বেশি জিপিএ-৫ এসেছে বিজ্ঞান বিভাগে।

বৃহস্পতিবার সকালে প্রকাশিত ফলাফল বিশ্লেষণ করে দেখা যায়, শিক্ষাপ্রতিষ্ঠানটির বিজ্ঞান বিভাগে সর্বাধিক শিক্ষার্থী অংশ নেন। ৮৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৬৩ জন পাশ করেছেন। এর মধ্যে ৭৫৫ জনই জিপিএ-৫ অর্জন পেয়েছেন।

ব্যবসায় শিক্ষা বিভাগেও সাফল্যের ধারা বজায় রয়েছে। এ বিভাগে ১৩৬ জন শিক্ষার্থীর মধ্যে ১৩৫ জন পাশ করেছেন। এ বিভাগের ৪৯ জন জিপিএ-৫ পেয়েছেন।

মানবিক বিভাগে মোট ১৩৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১২৯ জন পাশ করেছেন। এ বিভাগ থেকে ৫৩ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছেন।

এর আগে সকাল ১০টায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড একযোগে নিজেদের মতো করে ফল প্রকাশ করেছে। এবার ১১টি বোর্ডে গড় পাশের হার ৫৮.৮৩ শতাংশ।